



ভারত বাংলাদেশের সীমান্তে নতুন সেনা ঘাঁটি ও স্টেশন স্থাপন



সংগৃহীত ছবি

ভারত বাংলাদেশের সীমান্তবর্তী এলাকায় সামরিক উপস্থিতি বৃদ্ধি করছে। পশ্চিমবঙ্গের উত্তর দিনাজপুরে নতুন একটি সেনা ঘাঁটি চালু করা হয়েছে, আর আসামের ধুবরিতে নতুন একটি সেনা স্টেশন নির্মাণের কাজ শুরু হয়েছে। সীমান্তের কাছে এই পদক্ষেপটি চলমান রাজনৈতিক অস্থিরতার মধ্যে বিশেষ গুরুত্ব পাচ্ছে। ভারতীয় সংবাদমাধ্যম ডেকান ক্রনিকেল এ তথ্য জানিয়েছে।

৬ নভেম্বর পূর্বাঞ্চলীয় সেনা কমান্ডের প্রধান লেফটেন্যান্ট জেনারেল আর সি তিওয়ারি চোপড়া ঘাঁটি পরিদর্শন করেন। তিনি ব্রহ্মাঙ্ক কর্পসের মোতায়ন সৈন্যদের সঙ্গে সাক্ষাৎ করে ঘাঁটির দ্রুত অগ্রগতি ও প্রস্তুতির প্রশংসা করেন এবং সীমান্ত নিরাপত্তা রক্ষায় সর্বোচ্চ সতর্কতা ও সক্রিয় থাকার নির্দেশ দেন।

এর আগে লেফটেন্যান্ট জেনারেল তিওয়ারি আসামের সীমান্ত এলাকায় ৪ কর্পস সদর দফতর পরিদর্শন করেন এবং ধুবরির বামুনিগাঁওয়ে লাচিত বরফুকন সামরিক স্টেশনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ইস্টার্ন কমান্ড জানিয়েছে, নতুন এই সামরিক স্থাপনা সীমান্তবর্তী অঞ্চলের সেনা সক্ষমতা ও অবকাঠামোকে শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।